# মডেল টেস্ট– ১৩

## প্রাথমিক বিজ্ঞান

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. তোমার ছাদের দেয়ালে একটি নতুন বট গাছ জন্মেছে। কিসের মাধ্যমে গাছটির বীজ এখানে এসেছে বলে মনে কর?

ক) উদ্ভিদ খ) প্রাণী গ) পানি ঘ) বায়ু

২. জাভেদ একটি ইট দিয়ে মাঠে একটি স্থানের ঘাস চাপা দিয়ে রাখল। কিছুদিন পর কী ঘটবে?


ক) ঘাস মারা যাবে খ) ঘাস অপরিবর্তিত থাকবে
গ) ঘাস গাঢ় সবুজ হয়ে যাবে ঘ) ইটটি সরে যাবে

৩. 

উপরের চিত্রে কী দেখানো হয়েছে?

ক) খাদ্য জাল খ) খাদ্য শৃঙ্খল
গ) পরাগায়ন ঘ) সালোকসংশ্লেষণ

৪. চিত্রের যন্ত্রটি এক ধরনের পরিবেশের দূষণ ঘটাতে মুখ্য ভূমিকা পালন করে। সৃষ্ট পরিবেশের দূষণটির নাম কী?



ক) বায়ু দূষণ খ) পানি দূষণ
গ) শব্দ দূষণ ঘ) মাটি দূষণ

৫. সাইফুল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে অসুস্থ মামাকে দেখতে গেল। সেখানে কোন ধরনের দূষণের প্রভাবে রোগীদের সমস্যা দেখা দেয়?

ক) মাটি দূষণ খ) বায়ু দূষণ
গ) পানি দূষণ ঘ) শব্দ দূষণ

৬. বাশার ঢাকা শহরের একজন বাসচালক। শব্দ দূষণের ফলে সে কী ধরনের সমস্যার সম্মুখীন হয়?

ক) মানসিক সমস্যা খ) নৈতিক সমস্যা
গ) অর্থনৈতিক সমস্যা ঘ) পারিবারিক সমস্যা

৭. রিদনদের এলাকায় মানুষের সৃষ্ট কৃত্রিম কারণে নদীর পানি দূষিত হয়। কোন দূষণের কারণে পানি দূষিত হয়ে থাকে?

ক) আর্সেনিক দ্বারা দূষণ খ) বন্যাজনিত দূষণ
গ) জলোচ্ছ্বাসজনিত দূষণ ঘ) কলকারখানার বর্জ্য দ্বারা দূষণ

৮. মতিন ট্যাপের পানিকে একটি উপায়ে সম্পূর্ণ জীবাণুমুক্ত করল। জীবাণুমুক্ত করার উপায়টির নাম কী?

ক) ছাঁকন খ) থিতানো
গ) ফুটানো ঘ) ফিটকিরি দেওয়া

৯. তোমার বোন ডায়রিয়াতে ভুগছে। তার জন্য খাবার স্যালাইন তৈরি করতে তুমি কোন পানি ব্যবহার করবে?

ক) নদীর পানি খ) কূপের পানি
গ) ফুটানো পানি ঘ) পুকুরের পানি

১০. সেমিনারে বক্তারা ঢাকা শহরে বায়ু দূষণের বিস্তার নিয়ে চিন্তিত হলো। বায়ু দূষণ রোধে উপযুক্ত উপায় কোনটি?

ক) খাল খনন করা খ) জমিতে সার ব্যবহার করা
গ) বনভূমি সৃষ্টি করা ঘ) ড্রেনে ময়লা ফেলা

Teachingbd.com

১১. তোমার পাশের বাসযাত্রীকে ধূমপান করতে দেখলে। এখন তুমি তাকে কী করবে?
ⓚ উৎসাহিত করবে ⓚ বকা দেবে
ⓖ সচেতন করবে ⓖ চলে যাবে

১২. শরীফদের এলাকায় এসিড বৃষ্টি হওয়ায় সেখানে অনেক পশুপাখি মারা গেছে। এসিড বৃষ্টির জন্য দায়ী কোনটি?
ⓚ কার্বন মনোক্সাইড ⓚ সালফার অক্সাইড
ⓖ কার্বন ডাইঅক্সাইড ⓖ কার্বন কণা

১৩. রাশেদ সাহেব টেলিভিশনের খবর ও অনুষ্ঠান দেখেন। তিনি কোন শক্তি ব্যবহার করেন?
ⓚ গতিশক্তি ⓚ রাসায়নিক শক্তি
ⓖ বিদ্যুৎ শক্তি ⓖ শব্দ শক্তি

১৪. লতিফের মা ভেজা কাপড় ছাদের উপর শুকাতে দিলেন। ভেজা কাপড় শুকাতে কোন শক্তির ব্যবহার হয়?
ⓚ আলো ⓚ বিদ্যুৎ ⓖ শব্দ ⓖ তাপ

১৫. হান্নান একটি দোকান থেকে আইসক্রিম ও চিপস কিনল। এসব খাদ্যদ্রব্যের মধ্যে কৃত্রিম রং ও রাসায়নিক দ্রব্য মেশানো হয় কেন?
ⓚ খাদ্যের গুণাগুণ ঠিক রাখা ⓚ খাদ্যদ্রব্য তরতাজা ও ফ্রেশ রাখা
ⓖ খাদ্যদ্রব্য সুস্বাদু করা ⓖ খাদ্যদ্রব্যকে আকর্ষণীয় করা

১৬. রাজশাহীর বিখ্যাত হিমসাগর আম পাকাতে অসাধু ব্যবসায়ীরা একটি রাসায়নিক পদার্থ ব্যবহার করেন। রাসায়নিক পদার্থটি কী হতে পারে?
ⓚ ফরমালিন ⓚ স্যাকারিন
ⓖ বিষাক্ত পাউডার ⓖ ক্যালসিয়াম কার্বাইড

১৭. ঢাকায় একটি ভ্রাম্যমাণ আদালত খাদ্যে রাসায়নিক পদার্থ মেশানোর জন্য একজন ব্যবসায়ীকে আর্থিক জরিমানা করে। কোন রাসায়নিক পদার্থ খাদ্যে ভেজাল হিসাবে মেশানো হয়?
ⓚ আয়োডিন ⓚ ফরমালিন ⓖ ক্যালসিয়াম ⓖ কার্বোহাইড্রেট

১৮. ইদানীং নাজমার শারীরিক, মানসিক ও আচরণিক পরিবর্তন দেখা যায়। কত বছর বয়সে তার এ ধরনের পরিবর্তন আসে?
ⓚ ৮–১৩ ⓚ ১০–১৫ ⓖ ১২–১৭ ⓖ ১৪–২০

১৯. আসমার এখন বয়ঃসন্ধিকাল চলছে। এ সময়ে কার বেশি সহযোগিতা প্রয়োজন?
ⓚ বন্ধুবান্ধবের ⓚ প্রতিবেশীর
ⓖ ডাক্তারের ⓖ পিতামাতার

২০. আমিনুল জানতে পারল বছরের একটি সময় পৃথিবীর উত্তর গোলার্ধ সূর্যের বিপরীত দিকে হেলে থাকে। এটি কোন সময়?
ⓚ গ্রীষ্মকাল ⓚ বর্ষাকাল ⓖ শীতকাল ⓖ হেমন্তকাল

২১. কামরানদের বিদ্যালয়ে একটি যন্ত্র শিক্ষাক্ষেত্রে ব্যবহার করা হয়। যন্ত্রটি কী হতে পারে?
ⓚ টেলিভিশন ⓚ রেডিও ⓖ মোবাইল ফোন ⓖ কম্পিউটার

২২. রাসেল তার প্রবাসী ভাইয়ের সাথে যোগাযোগের জন্য স্কাইপি ব্যবহার করে। কোনটির মাধ্যমে সে স্কাইপি লাইনে সংযোগ দিতে পারবে?
ⓚ ইন্টারনেট ⓚ সিডি ⓖ মেমোরি কার্ড ⓖ পেন ড্রাইভ

২৩. আমির তার গাভীটিকে প্রচুর ঘাস খাওয়ায়। এতে আমির কীভাবে উপকৃত হচ্ছে?
ⓚ গরু তার সাথে খেলাধুলা করে ⓚ গরু উচ্চৈঃস্বরে হাম্বা হাম্বা করে
ⓖ গরুর মাংস ও দুধ কম পায় ⓖ গরুর মাংস ও দুধ পায়

http://teachingbd.com

২৪. ধনাঢ্য পরিবারের সন্তান রাফিদ বিদ্যালয়ে যাওয়ার জন্য গাড়িতে চড়ার পরিবর্তে সাইকেল ব্যবহারের মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করে। প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা প্রয়োজন হয় কেন?
ⓚ দিন দিন পরিবেশের উপাদানগুলো দূষিত হচ্ছে বলে
ⓚ দিন দিন বনভূমির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে বলে
ⓖ প্রাকৃতিক দুর্যোগ কম ঘটছে বলে
ⓖ পৃথিবীর তাপমাত্রা প্রতিনিয়ত কমছে বলে

২৫. রাজিবদের গ্রামের মানুষেরা জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমিয়ে পরিবেশ সংরক্ষণে ভূমিকা পালন করে। তাদের পরিবেশ সংরক্ষণ করার উপায় কোনটি?
ⓚ গাছপালা ও বনজঙ্গল কেটে ফেলা
ⓚ নতুন নতুন শিল্পকারখানা গড়ে তোলা
ⓖ পরিকল্পিত রাস্তাঘাট ও ঘরবাড়ি তৈরি করা
ⓖ জলাশয় ভরাট করা

২৬. সমুদ্রের জলোচ্ছ্বাসে ব্যাপক জানমালের ক্ষতি হলো। এ ধরনের দুর্যোগ শুরুর পরবর্তী পদক্ষেপ কোনটি?
ⓚ আশ্রয়কেন্দ্রে যাওয়া ⓚ শুকনা খাবার সংগ্রহ করা
ⓖ ক্ষতিগ্রস্তদের উদ্ধার করা ⓖ মাইকে সতর্ক করা

২৭. গিয়াসদের গ্রামে বন্যার সময় নিরাপদ পানির সংকট দেখা দিল। এ সময় কোনটি ব্যবহারে পানিকে নিরাপদ করা যায়?
ⓚ ব্লিচিং পাউডার ⓚ আয়োডিন
ⓖ বেকিং পাউডার ⓖ স্যাকারিন

২৮. আজাদের মা রান্নার চুলায় এক হাঁড়ি পানি ফুটাতে দিলেন। কত সময় ধরে তাপ দিলে পানিতে থাকা জীবাণু মারা যায়?
ⓚ ৫ মিনিট ⓚ ১০ মিনিট ⓖ ১৫ মিনিট ⓖ ২০ মিনিট

২৯. আশরাফদের বাড়িতে লোকজন রান্নার কাজে ও পান করার জন্য নিরাপদ ও জীবাণুমুক্ত পানি ব্যবহার করতে চায়। এজন্য পানি বিশুদ্ধ করার ভালো উপায় কোনটি?
ⓚ ছাঁকন ⓚ থিতানো ⓖ ফুটানো ⓖ ফিটকিরি মেশানো

৩০. মোমিন বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে পড়াশুনা করে। বৈদ্যুতিক বাতি জ্বালালে শক্তির কোন রূপান্তরটি ঘটে?
ⓚ বৈদ্যুতিক শক্তি → তাপ শক্তি
ⓚ বৈদ্যুতিক শক্তি → রাসায়নিক শক্তি
ⓖ বৈদ্যুতিক শক্তি → আলোক শক্তি
ⓖ বৈদ্যুতিক শক্তি → যান্ত্রিক শক্তি

৩১. ঢাকা শহরে কলকারখানা ও যানবাহন থেকে নির্গত ক্ষতিকর গ্যাস বায়ুকে দূষিত করছে। এর প্রভাবে কোনটি হতে পারে?
ⓚ শিলাবৃষ্টি ⓚ এসিড বৃষ্টি ⓖ ভূমিক্ষয় ⓖ ভূমিধস

৩২. রাহাতদের বাড়ির পাশের নদীতে স্টিমার ও ট্রলার চলাচল করে। এক্ষেত্রে কোন ঘটনাটি দেখা যেতে পারে?
ⓚ জলজ প্রাণী মারা যাবে ⓚ জলজ প্রাণী বৃদ্ধি পাবে
ⓖ জলজ প্রাণী নিশ্চিহ্ন হবে ⓖ জলজ প্রাণীর বংশবৃদ্ধি হবে

৩৩. শরীফ বাজার থেকে একটি পদার্থ কিনে আনল যার আকার আছে কিন্তু আয়তন নেই। পদার্থটি কী হতে পারে?
ⓚ জলীয় বাষ্প ⓚ বায়বীয় ⓖ তরল ⓖ কঠিন পদার্থ

৩৪. মনোয়ার একখন্ড বরফের টুকরা পানির পাত্রের মধ্যে ছেড়ে দিল। বরফে পানির অণুসমূহের বন্ধন কেমন থাকে?
ⓚ নরম ⓚ দৃঢ় ⓖ ফাঁকা ⓖ শিথিল

Teachingbd.com

৩৫. আরমানদের বিদ্যালয় ইটের তৈরি। ইটের বৈশিষ্ট্য কোনটি?
ক আকার ও আয়তন নেই
খ আকার ও আয়তন নির্দিষ্ট
গ ওজনহীন
ঘ বল প্রয়োগে বাধা দেয় না

৩৬. পদার্থের ক্ষুদ্র বস্তুকণাকে কী বলে?
ক অণু
খ পরমাণু
গ কার্বন
ঘ নিউক্লিয়াস

৩৭. অগ্নিনির্বাপক যন্ত্র কোথায় ব্যবহার করা হয়?
ক রাস্তাঘাটে
খ বনাঞ্চলে
গ পর্বতে
ঘ কলকারখানায়

৩৮. আধুনিক প্রযুক্তির সবচেয়ে ভয়াবহ প্রয়োগ কোনটি?
ক কম্পিউটার
খ ইন্টারনেট
গ পাওয়ার টিলার
ঘ যুদ্ধের অস্ত্র নির্মাণ ও এর ব্যবহার

৩৯. কোন যন্ত্র দিয়ে ছবি তোলা বা ভিডিও করে তথ্য বিনিময় করা যায়?
ক ক্যামেরা
খ টেলিভিশন
গ স্ক্যানার
ঘ প্রিন্টার

৪০. সাধারণত কোথা হতে ঘূর্ণিঝড়ের উৎপত্তি ঘটে?
ক নদী
খ মহাসাগর
গ সাগর
ঘ খাল

৪১. মাতৃউদ্ভিদ থেকে বিভিন্ন স্থানে বীজ ছড়িয়ে পড়াকে কী বলে?
ক বীজের বিতরণ
খ বীজের পরাগায়ন
গ বীজের বিস্তরণ
ঘ চারা রোপণ

৪২. পরিবেশ সংরক্ষণের প্রধান উপায় কী?
ক নদীনালা ভরাট বন্ধ করা
খ অধিক হারে বৃক্ষের চারা রোপণ করা
গ জনসচেতনতা বৃদ্ধি করা
ঘ পরিকল্পিতভাবে কলকারখানা স্থাপন করা

৪৩. বায়ুচাপ কমে গেলে কী দেখা যায়?
ক ঝড়
খ বৃষ্টি
গ তাপপ্রবাহ
ঘ শৈত্যপ্রবাহ

৪৪. কঠিন পদার্থকে তরল পদার্থে পরিণত করার পর এটিকে আবার কীভাবে কঠিন পদার্থে পরিণত করবে?
ক শীতল করে
খ উত্তপ্ত করে
গ ফুটানোর মাধ্যমে
ঘ সূর্যের তাপে রেখে দিয়ে

৪৫. খাদ্যে কৃত্রিম রং ও রাসায়নিক ব্যবহারের ফলে—
ক দাঁত অকার্যকর হয়
খ বাচ্চারা ভারী দেহধারী হয়
গ লিভার ও কিডনি অকার্যকর হয়
ঘ শিশুরা শুকিয়ে যায়

৪৬. শিল্পবিপ্লবের সময়কালে কোন প্রযুক্তিটির উন্নয়ন সাধিত হয়?
ক চিকিৎসা
খ তথ্য
গ শিক্ষা
ঘ কৃষি

৪৭. ডায়রিয়া হওয়ার সাথে সাথে রোগীকে কী দিতে হবে?
ক গোশত
খ স্যালাইন
গ ফলমূল
ঘ ইলিশ মাছ

৪৮. আমাদের দেশে কোন ঋতুতে বায়ু উত্তর দিক থেকে দক্ষিণ দিকে প্রবাহিত হয়?
ক গ্রীষ্ম
খ শরৎ
গ শীত
ঘ বসন্ত

৪৯. উত্তপ্ত পৃথিবী থেকে তাপ বেরিয়ে যেতে বাধা দেয় কোন গ্যাস?
ক নাইট্রোজেন
খ গ্রিন হাউজ গ্যাস
গ হিলিয়াম
ঘ ওজোন

৫০. বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহার করে মানুষ যাতায়াতের জন্য নতুন কী প্রযুক্তি উদ্ভাবন করেছে?
ক হাইব্রিড গাড়ি
খ মাল্টিমিডিয়া গাড়ি
গ সুপারসনিক গাড়ি
ঘ এক্সট্রা পাওয়ারফুল গাড়ি

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) ঘনীভবন বলতে তুমি কী বোঝ?

(খ) দূষিত বায়ুর কারণে তোমার দেহে কী কী রোগ হতে পারে?

(গ) তুমি খাদ্য সংরক্ষণ করতে পার এমন কয়েকটি পদ্ধতির নাম লেখ।

(ঘ) তুমি ব্যবহার কর এমন কয়েকটি ব্রাউজিং সফটওয়্যারের নাম লেখ।

(ঙ) কয়লাকে তুমি কেন অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ বলবে?

(চ) পরিবেশের উপর জীবের নির্ভরশীলতার দুটি উদাহরণ লেখ।

(ছ) দূষিত বায়ু কী?

(জ) পদার্থ কাকে বলে?

(ঝ) বয়ঃসন্ধিকাল কী?

(ঞ) সূর্য থেকে পৃথিবীতে আলো পৌছাতে কত সময় লাগে?

(ট) প্রযুক্তির ক্ষতিকর প্রভাবের দুটি উদাহরণ দাও।

(ঠ) আবহাওয়া পরিবর্তনের দুটি নিয়ামকের নাম লেখ।

(ড) কার্বন ডাইঅক্সাইডের বৃদ্ধিতে পৃথিবীর তাপমাত্রা বাড়ছে কেন?

(ঢ) অনবায়নযোগ্য সম্পদের ৩টি বিকল্প সম্পদের উদাহরণ দাও।

(ণ) হাইব্রিড গাড়ি কী?

৩। **ক, খ, গ, ঘ এবং ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) তুমি কিছু গাছ রোপণ করবে। গাছের বৃদ্ধির জন্য তোমাকে মাটি, পানি এবং পর্যাপ্ত আলো নিশ্চিত করতে হবে। গাছটি অন্ধকারে রাখলে কী ঘটবে? গাছটিতে পানি না দিলে কী ঘটবে? বালিতে রোপণ করলে কী ঘটবে তা তিনটি বাক্যে লেখ। ১ + ১ + ৩ = ৫

(খ) পানি দূষণ বলতে কী বোঝায়? পানি দূষণের দুটি কারণ লেখ। খাবার পানি কীভাবে বিশুদ্ধ করবে সে সম্পর্কে দুটি বাক্য লেখ। ১ + ২ + ২ = ৫

(গ) ব্যবসায়ীরা কেন খাদ্যে ক্যালসিয়াম কার্বাইড মেশান, তা একটি বাক্যে লেখ। নিয়মিত রাসায়নিক দ্রব্য মিশ্রিত খাবার খেলে যে সমস্ত রোগ হওয়ার সম্ভাবনা থাকে তার মধ্যে দুটির নাম লেখ। কাউকে খাদ্যে ভেজাল ও রাসায়নিক দ্রব্য মেশাতে নিরুৎসাহিত করতে তাকে তুমি যে পরামর্শ দিবে তার দুটি লেখ। ১+২+২=৫

(ঘ) কৃষি প্রযুক্তি কী? খাদ্য চাহিদা পূরণের জন্য মানুষ কয় ধরনের কৃষি প্রযুক্তি উদ্ভাবন করেছে ও কী কী? যান্ত্রিক প্রযুক্তি সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১ + ১ + ৩ = ৫

(ঙ) প্রাকৃতিক সম্পদ বলতে কী বোঝ? নবায়নযোগ্য সম্পদ ও অনবায়নযোগ্য সম্পদ বলতে কী বোঝ? সৌরশক্তির সুবিধা দুটি বাক্যে লেখ। ১ + ২ + ২ = ৫

(চ) শব্দ দূষণ প্রতিরোধের পাঁচটি উপায় লেখ। ১ × ৫ = ৫

(ছ) বায়ুপ্রবাহ আমরা কী কী কাজে ব্যবহার করতে পারি তা পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(জ) সংক্রামক রোগ কী? সংক্রামক রোগ প্রতিরোধের চারটি উপায় লেখ। ১ + ৪ = ৫

(ঝ) শিক্ষাক্ষেত্রে তথ্যপ্রযুক্তির পাঁচটি ব্যবহার লেখ। ১ × ৫ = ৫

(ঞ) কীভাবে নিম্নচাপ সৃষ্টি হয়? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

Teachingbd.com

# মডেল টেস্ট - ১৩এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ |
| ৯ | গ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ |
| ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক |
| ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ক |
| ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | খ |
| ৪১ | গ | ৪২ | গ | ৪৩ | ক | ৪৪ | ক | ৪৫ | গ | ৪৬ | ঘ | ৪৭ | খ | ৪৮ | গ |
| ৪৯ | খ | ৫০ | ক | | | | | | | | | | | | |

২। (ক) ঘনীভবন বলতে আমি বাষ্প থেকে তরলে পরিণত হওয়ার প্রক্রিয়াকে বুঝি।

(খ) দূষিত বায়ুর কারণে আমার এলার্জি, কাশি, হাঁপানি, ব্রঙ্কাইটিস, উচ্চ রক্তচাপ, মাথাব্যথা, ফুসফুসে ক্যানসার ইত্যাদি মারাত্মক রোগ হতে পারে।

(গ) আমি খাদ্য সংরক্ষণ করতে পারি এমন কয়েকটি পদ্ধতি হলো রোদে শুকানো, ফ্রিজের ঠাণ্ডায় রাখা, হিমাগারে রাখা, বায়ুরোধী পাত্রে রাখা ইত্যাদি।

(ঘ) আমি ব্যবহার করি এমন কয়েকটি ব্রাউজিং সফটওয়্যার হলো : মজিলা ফায়ারফক্স (Mozila Firefox), ইন্টারনেট এক্সপ্লোরার (Internet Explorer), গুগল ক্রোম (Google Chrome), অপেরা (Opera) এবং সাফারি (Suffery).

(ঙ) কয়লার সরবরাহ সীমিত এবং একটা সময় পরে তা আর পাওয়া যাবে না। তাই আমি কয়লাকে অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ বলব।

(চ) পরিবেশের উপর জীবের নির্ভরশীলতার দুটি উদাহরণ হলো--
i. জীব তৃষ্ণা মেটাতে যে পানি পান করে থাকে তা পরিবেশ থেকেই পেয়ে থাকে। ii. জীবের শ্বাস গ্রহণ ও ত্যাগ করার জন্য পরিবেশ থেকে অক্সিজেন ও কার্বন ডাইঅক্সাইড উপাদান দুটি ব্যবহার করে।

(ছ) যে বায়ুতে দূষিত গ্যাস, রোগজীবাণু, ধূলিকণা ইত্যাদি মিশ্রিত থাকে তাকে দূষিত বায়ু বলে।

(জ) যার ওজন আছে এবং জায়গা দখল করে তাকে পদার্থ বলে।

(ঝ) বয়ঃসন্ধিকাল হলো জীবনের এমন এক পর্যায় যখন আমাদের শরীর শিশু অবস্থা থেকে কিশোর অবস্থায় পৌছায়।

(ঞ) সূর্য থেকে পৃথিবীতে আলো পৌছাতে প্রায় ৮ মিনিট সময় লাগে।

(ট) প্রযুক্তির ক্ষতিকর প্রভাবের দুটি উদাহরণ হলো—
i. পরিবেশ দূষণ : বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে কয়লা পুড়িয়ে আমরা যে বিদ্যুৎ উৎপন্ন করি তাতে বায়ু দূষণ ঘটে।
ii. অস্ত্র তৈরি : আধুনিক প্রযুক্তির সবচেয়ে ভয়াবহ প্রভাব হলো যুদ্ধের অস্ত্র তৈরি ও এর ব্যবহার।

(ঠ) আবহাওয়া পরিবর্তনের দুটি নিয়ামক হলো বায়ুপ্রবাহ ও তাপমাত্রা।

(ড) কার্বন ডাইঅক্সাইডের তাপ ধারণ ক্ষমতা বেশি। তাই কার্বন ডাইঅক্সাইডের বৃদ্ধিতে পৃথিবীর তাপমাত্রা বাড়ছে।

(ঢ) অনবায়নযোগ্য সম্পদের ৩টি বিকল্প সম্পদের হলো সূর্যের আলো, বায়ুপ্রবাহ এবং পানির স্রোত।

(ণ) হাইব্রিড গাড়ি হলো বিদ্যুৎ ও তেল ব্যবহৃত বর্তমান সময়ে যাতায়াতের একটি নতুন প্রযুক্তি।

http://teachingbd.com